

**উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোছা.খালেদা খাতুন রেখা  
উপজেলা নিবাহী অফিসার  
বোরহানউদ্দিন, ভোলা।

সভার স্থান : উপজেলা নিবাহী অফিসারের সম্মেলন কক্ষ।  
তারিখ : ০১/০৫/২০১৯ খ্রিঃ।  
সময় : বেলা ২.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা রেজিষ্টার সংরক্ষিত আছে।**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণিঝড় “ফনী” সৃষ্টি হওয়ায় এবং অত্র উপজেলাকে ৪ নম্বর হুঁশিয়ারী সংকেতের আওতায় পড়ায় দুর্যোগপূর্ব প্রস্তুতির বিভিন্ন দিক তুলে ধরেণ এবং খাদ্য ও দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলীর আলোকে দুর্যোগ পূর্ব প্রস্তুতি সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।


- ০১। দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী খবরাখবর আদান প্রদানের লক্ষ্যে উপজেলা নিবাহী অফিসারের কার্যালয় ত্রাণ শাখায় একটি ঘূর্ণিঝড় নিয়ন্ত্রন কক্ষ সার্বক্ষনিক খোলা থাকবে। যার মোবাইল নম্বর : ০১৭১২-৫৫৪৬০৩ এবং ০১৩০৫৫২৫১৫৬।
- ০২। দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সময় সম্পর্কে আলাপ আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য সকল ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিসমূহ সভা আহবান করবে।
- ০৩। উপজেলা টিম লিডার সিপিপি তার সকল ইউনিটগুলিকে সক্রিয় ও সতর্ক করবে এবং সংকেত অনুযায়ী এলাকায় সতর্ক করণ ও উদ্ধার তৎপরতা বিষয়ে প্রস্তুত রাখবেন।
- ০৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রাথমিক চিকিৎসার ঔষধপত্রসহ মেডিকেল টিম গঠন করে সার্বক্ষনিক প্রস্তুত রাখতে হবে।
- ০৫। নদীর তীরবর্তী অবস্থিত হাসাননগর, পক্ষিয়া, গংগাপুর, বড়মানিকা, টবগী ইউনিয়ন পরিষদগুলিকে একটি করে ইঞ্জিন চালিত নৌকা/ট্রিলার সর্বদা প্রস্তুত রাখার ব্যবস্থা গ্রহন করবে।
- ০৬। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জরুরী ভিত্তিতে এলাকায় আবহাওয়া বার্তা সম্পর্কে মাইকিং করে জনগনকে অবহিত করবে।
- ০৭। দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন সময়ে সকল ইউনিয়নের স্কুল-কাম সাইক্লোন সেন্টারসমূহে জরুরী প্রয়োজনে এলাকার লোকজন আশ্রয় নিতে পারে তাহার জন্য সার্বক্ষনিকভাবে খোলা রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ০৮। দুর্যোগ পরবর্তী সময়ে যাহাতে জরুরী ভিত্তিতে শুনানো খাবার সরবরাহ করা যায় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল মুদি ব্যবসায়ীগণকে অনুরোধ জানানো হয়।
- ০৯। দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী কার্যক্রম সুষ্ঠু পরিচালনার লক্ষ্যে উপজেলার সকল কর্মকর্তা, কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল দপ্তরের বিভাগীয় প্রধানকে অনুরোধ জানানো হয়। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারী কর্মস্থলে অবস্থান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর বিশেষ কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্মারক নং- ৫১.০১.০৯২১.০০০.৯৭.০০৪.১২-৪২৮

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

- ০১। মাননীয় সংসদ সদস্য, ভোলা-২।
- ০২। জেলা প্রশাসক, ভোলা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
- ০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ভোলা।
- ০৫। উপজেলা ... .. কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা।

  
(মোছা.খালেদা খাতুন রেখা)  
উপজেলা নিবাহী অফিসার  
বোরহানউদ্দিন, ভোলা।  
তারিখ : ০১/০৫/২০১৯ খ্রিঃ